



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 6th Semester Examination, 2022

BNGADSE06T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক-১

- (ক) “নূতন কালের প্রেরণায়, নবীনের আকর্ষণে, সাহিত্যের আসরে ১০
নূতন কথা বলবার জন্য কবির মন আর একবার জেগে উঠল।”

— ‘নূতন কাল’ বলতে কোন্ সময়কে নির্দেশ করা হয়েছে? ‘নূতন কথা’ বলতে কবিমেন কেনই বা উন্মুখ — ‘রবীন্দ্রজীবনকথা’ অনুসরণে বুঝিয়ে দাও।

অথবা

- (খ) “ইংলন্ডে মাস চার থেকে রবীন্দ্রনাথ পুত্র পুত্রবধূকে নিয়ে আমেরিকায় গেলেন (১৯১২, ২৮ ১০
নভেম্বর)।” — এই আমেরিকা ভ্রমণে রবীন্দ্রনাথের যে অভিজ্ঞতা লাভ হয়, তা রবীন্দ্রজীবনকথা অনুসরণে সংক্ষেপে বিবৃত করো।

একক-২

- (গ) “বিদ্যালয়ান্তর একটা প্রতিষ্ঠানকে যুক্ত করা হল এই নতুন উদ্যোগে। এই প্রতিষ্ঠানের নাম ১০
বিশ্বভারতী।”

— কোন্ ভাবাদর্শে প্রাণিত হয়ে রবীন্দ্রনাথ বিশ্বভারতী প্রতিষ্ঠা করলেন, তা আলোচনা করো।

অথবা

- (ঘ) বিশ্বভারতীর ‘সঙ্গীত ভবন’-এর গুরুত্ব নির্দেশ করো। ১০

একক-৩

- (ঙ) শিলাইদহ পর্বে রবীন্দ্রনাথের পল্লীভাবনার অন্তর্গত কৃষি ও স্বাস্থ্য সম্পর্কিত চিন্তার মূল সূত্রগুলির ১০
পরিচয় দাও।

অথবা

- (চ) শ্রীনিকেতনে গ্রামোন্নয়ন কর্মসূচিতে বিভিন্ন কুটির শিল্পের পুনরুজ্জীবনের ক্ষেত্রে রবীন্দ্রনাথের ১০
পরিকল্পনার পরিচয় দাও।

একক-৪

(ছ) ‘আমি ছড়াকে মেঘের সহিত তুলনা করিয়াছি।’ - ‘ছেলেভুলানো ছড়া’ সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্যের যথার্থতা নির্দেশ করো। ১০

অথবা

(জ) ‘বঙ্গসাহিত্যের স্বল্পক্ষণস্থায়ী গোপুলি-আকাশে’ অকস্মাৎ যে লোকমনোরঞ্জক কবি-গান-এর উৎসারণ, ‘লোকসাহিত্য’-এর অন্তর্গত ‘কবি-সংগীত’ প্রবন্ধ অনুসরণে তার স্বরূপ ও প্রকৃতি নির্ণয় করো। ১০

২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) “কবি তাঁর নাম দিলেন ‘নলিনী।’ ” - রবীন্দ্রনাথ কার নাম দিয়েছিলেন ‘নলিনী’ ? এঁর সম্পর্কে ‘রবীন্দ্রজীবনকথা’-য় কী বলা হয়েছে ? ১+৪

(খ) শান্তিনিকেতনে ব্রহ্মবিদ্যালয় প্রতিষ্ঠা হয় কবে ? কত জন ছাত্র নিয়ে বিদ্যালয় শুরু হয় ? তাদের নাম লেখো। এই ছাত্রদের ব্রহ্মচর্যে কে দীক্ষিত করেন ? ১+০.৫+২.৫ +১

(গ) গ্রাম সংগঠনে রবীন্দ্রনাথের উদ্যোগে কালীমোহন ঘোষের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঘ) ‘কন্যা আমাদের গৃহের এক মস্ত ভার।’ হরগৌরী ছড়া প্রসঙ্গে রবীন্দ্রনাথ ‘গ্রাম্যসাহিত্য’ প্রবন্ধে কেন একথা বলেছেন, বুঝিয়ে লেখো। ৫

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—